৬

দৈনিক সংবাদ

তারিখ 04 JUL 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

২৪

### উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মশালা

# ডিগ্রী পর্যন্ত ইংরেজী বাধ্যতামূলক করতে পাঠক্রম তৈরি হচ্ছে

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, দেশের প্রাথমিক শিক্ষা থেকে ডিগ্রী পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিশেষ পাঠক্রম প্রস্তুত করছেন বলে তিনি জানান। খবর বাসস'র।

গতকাল শনিবার ঢাকায় 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় : পরিকল্পনা ও বাস্তবায়ন' শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী বলেন, এই পাঠক্রম এমনভাবে তৈরি করা হবে, যাতে একজন ছাত্র তার স্কুলের চূড়ান্ত পরীক্ষা পাস করার পর ইংরেজী ভালভাবে বুঝতে ও বলতে পারে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম শমসের আলীর সভাপতিত্বে

শিক্ষামন্ত্রী : পৃঃ ২ কঃ ৮

### শিক্ষামন্ত্রী : কর্মশালা

( ১ম পৃষ্ঠার পর )

অনুষ্ঠিত এই কর্মশালায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষা সচিব এম ইরশাদুল হক, অধ্যাপক আবদুস সোবহান ও এগ্রিটীম/ কানাডা লিমিটেডের ভাইস চেয়ারম্যান মিস গ্যাল টার্নার। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও এগ্রিটীম কানাডা কনসাল্টিং লিমিটেডের যৌথ উদ্যোগে ৪ দিনব্যাপী কর্মশালায় দেশী ও বিদেশী বিশেষজ্ঞগণ অংশ নিচ্ছেন।